# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 24-01-2026** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) নির্বাচন কমিশন সব জেলা প্রশাসনের উদ্দেশে কড়া নির্দেশিকা জারি করে জানিয়েছে, শুনানি ও সংশোধনী প্রক্রিয়ায় কোন সমস্যা দেখা দিলে সঙ্গে সঙ্গে এফ আই আর দায়ের করতে হবে।

বিএলও-দের বিরুদ্ধেও গাফিলতি, নির্দেশ অমান্য বা অনিয়মের অভিযোগ উঠলে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের স্পষ্ট নির্দেশিকা জারি।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশের ৪৫-টি স্থানে অষ্টাদশ রোজগার মেলায় , বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থায় নব নিযুক্তদের হাতে ৬১ হাজারের বেশি নিয়গপত্র তুলে দেবেন। এর মধ্যে আছে এরাজ্যের দু-জায়গাও।

৩) ত্রিপাক্ষিক বৈঠকে সমাধান না মেলায় ব্যাঙ্ক কর্মচারীদের ৯-টি সংগঠন ২৭-শে জানুয়ারী দেশজুড়ে ব্যাঙ্ক ধর্মঘটে সামিল হচ্ছে।

৪) প্রধানমন্ত্রী আগামীকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৫) জম্মু-কাশ্মীরের ডোডা জেলায় দুর্ঘটনায় নিহত ১০ জনের মধ্যে আছে এরাজ্যের দুই জওয়ানও।

৬) সেতুর গার্ডার বদলের কাজের জন্য আজ রাত ১০টা থেকে, টানা ২৩ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ থাকবে বালিগঞ্জ এবং কাঁকুড়গাছি স্টেশনের মধ্যে ।

জরুরী মেরামতের কাজের জন্য দ্বিতীয় হুগলী সেতু আগামীকাল আরও এক দফা বন্ধ রাখা হচ্ছে।

oooooooooooooooooooooooo

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া বা এসআইআর ঘিরে বাড়তে থাকা উত্তেজনার আবহে রাজ্যের সমস্ত জেলা প্রশাসনের উদ্দেশে কড়া নির্দেশ জারি করেছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। সুপ্রিম কোর্টের গত ১৯ জানুয়ারির নির্দেশ উল্লেখ করে, শুনানি ও সংশোধনী প্রক্রিয়ায় কোনও আইনশৃঙ্খলা সমস্যা দেখা দিলে সঙ্গে সঙ্গে এফআইআর দায়েরের নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে শুনানি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখারও স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে।

রাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের পাঠানো চিঠিতে জানানো হয়েছে, এসআইআর সংক্রান্ত শুনানি -কেন্দ্র বা সংশ্লিষ্ট সরকারি দপ্তরে যদি কোনও আইনশৃঙ্খলা জনিত সমস্যা তৈরি হয়, সরকারি সম্পত্তি ভাঙচুর ঘটে অথবা এসআইআর কাজে যুক্ত আধিকারিক ও কর্মীদের হুমকি কিংবা আক্রমণের ঘটনা ঘটে, তবে অবিলম্বে স্থানীয় থানায় অভিযোগ বা এফআইআর দায়ের করতে হবে। সেই অভিযোগের কপি পাঠাতে হবে সংশ্লিষ্ট পুলিশ সুপার এবং মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে।

চিঠিতে আরও বলা হয়েছে, যদি কোনও এলাকায় হিংসা বা সরকারি সম্পত্তি ধ্বংসের ঘটনা চলতে থাকে, তবে সেই এলাকার এসআইআর শুনানি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখতে হবে। মুখ্য নির্বাচনী আধিকারিকের অনুমোদন পেলে তবেই পুনরায় শুনানি শুরু করা যাবে।

oooooooooooooooooooooooo

কমিশন, বুথ লেভেল আধিকারিক, BLO-দের বিরুদ্ধেও দায়িত্বে গাফিলতি, নির্দেশ অমান্য বা অনিয়মের অভিযোগ উঠলে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের স্পষ্ট নির্দেশিকা জারি করেছে। সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের কাছে এই মর্মে নির্দেশ পাঠানো হয়েছে।

নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, ভোটার তালিকা সংশোধন ও নির্বাচনী কাজের সঙ্গে যুক্ত BLO-রা সরাসরি কমিশনের অধীনে কর্মরত বলে গণ্য হবেন। ফলে দায়িত্ব পালনে কোনও রকম অবহেলা, অসদাচরণ বা আইনভঙ্গ হলে সংশ্লিষ্ট আধিকারিকের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ করতে হবে জেলা নির্বাচনী আধিকারিককে। প্রয়োজনে BLO-কে সাময়িক বরখাস্ত করে বিভাগীয় তদন্ত শুরু করার সুপারিশ করা হবে। অপরাধমূলক কাজের প্রমাণ মিললে মুখ্য নির্বাচনী আধিকারিকের অনুমতি নিয়ে FIR দায়েরের পথও খোলা থাকছে।

এক্ষেত্রে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকও স্বতঃপ্রণোদিত ভাবেও ব্যবস্থা নিতে পারবেন বলে নির্দেশিকায় উল্লেখ রয়েছে। বরখাস্ত, বিভাগীয় তদন্ত কিংবা FIR—সব ক্ষেত্রেই দ্রুত চূড়ান্ত সিদ্ধান্ত কার্যকর করে তার রিপোর্ট দিতে হবে কমিশনকে ।

নির্বাচনী ব্যবস্থার স্বচ্ছতা ও বিশ্বাসযোগ্যতার ক্ষেত্রে কোনরকম  আপস বরদাস্ত করা হবে না বলে কমিশনের তরফে স্পষ্ট জানানো হয়েছে।

উল্লেখ্য, রাজ্যে চলা ভোটার তালিকার নিবিড় সংশোধন প্রক্রিয়ার মধ্যেই এই নির্দেশিকা তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

এদিকে, ভোট কর্মী ও বিএলও ঐক্য মঞ্চের পক্ষে অভিযোগ করা হয়েছে, বিএলও-রা যেহেতু তৃণমূলস্তরে কাজ করছে, তাই তাদের ওপর সব দায় চাপিয়ে দেওয়া হচ্ছে। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেছেন, বিএলও-রা ওপরমহলের নির্দেশই পালন করছে। কিন্তু মূল সমস্যা হচ্ছে ERO  ও  AERO-দের নিয়ে। তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে, সেই প্রশ্নও তোলেন তিনি।

*oooooooooooooooooooooooo*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশের ৪৫-টি স্থানে অষ্টাদশ রোজগার মেলায় , বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থায় নব নিযুক্তদের হাতে ৬১ হাজারের বেশি নিয়গপত্র তুলে দেবেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই অনুষ্ঠানে ভাষণ ও দেবেন তিনি।

পশ্চিমবঙ্গের ২ জায়গায় এই রোজগার মেলার আয়োজন করা হবে। এর মধ্যে জলপাইগুড়িতে বিএসএফ-এর কার্যালয়ে এক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। এছাড়াও উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামের দিক্ বেড়িয়া ৭৪ নম্বর ব্যাটেলিয়ানের বিএসএফ ক্যাম্পেও এক অনুষ্ঠানে নিয়োগপত্র প্রদান করা হবে।

উল্লেখ্য, রোজগার মেলা চালু হওয়ার পর থেকে সারা দেশে এ পর্যন্ত ১১ লক্ষেরও বেশি নিয়োগপত্র প্রদান করা হয়েছে।

*ooooooooooooooooooooooooo*

প্রতি শনিবার ছুটি, সপ্তাহে পাঁচদিন কাজ সহ বিভিন্ন দাবিতে ব্যাঙ্ক কর্মচারীদের ৯-টি সংগঠন আগামী মঙ্গলবার ২৭-শে জানুয়ারী দেশজুড়ে ব্যাঙ্ক ধর্মঘটে সামিল হচ্ছেন। টানা দু-দিন ত্রিপাক্ষিক বৈঠকে কোন সমাধান সূত্র না মেলায় ধর্মঘটের

সিদ্ধান্তে তারা অনড় বলে ৯-টি সংগঠনের যৌথ মঞ্চ ইউনাইটেড ফোরাম অফ ব্যাঙ্ক ইউনিয়ন UFBU-এর পক্ষ থেকে জানানো হয়েছে। মঞ্চের রাজ্য আহ্বায়ক সুদীপ দত্ত বলেছেন, সমাধান সূত্র না মেলায় তারা ওই দিন ধর্মঘট চালিয়ে যাবেন।

(বাইট – সুদীপ দত্ত)

উল্লেখ্য, সমাধান সূত্র বের করতে গতকালও মুখ্য লেবার কমিশনের পক্ষ থেকে নতুন দিল্লিতে ২ দফায় ত্রিপাক্ষিক বৈঠক ডাকা হয়।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooo

জম্মু-কাশ্মীরের ডোডা জেলায় দুর্ঘটনায় নিহত ১০ জনের মধ্যে আছে এরাজ্যের দুই জওয়ানও। এরা হলেন, পুরুলিয়ার ঝালদা থানার পুস্তি গ্রামের বাসিন্দা প্রদুন্ম লোহার এবং ঝাড়গ্রামের সাঁকরাইলের কুচলাদাঁড়ি গ্রামের বাসিন্দা সমীরণ সিং ।

প্রদুন্মের দেহ আজ তার বাড়িতে নিয়ে আসা হবে। সেখানে তাঁর অন্তেষ্টি হবে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায়। ২৪ বছরের এই যুবকের মৃত্যু সংবাদ গ্রামে পৌঁছতে শোকের ছায়া নেমে আসে।

এদিকে, পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো গতকাল প্রদুমের বাড়িতে গিয়ে শোক সন্তপ্ত পরিবারের সঙ্গে দেখা করেন। কেন্দ্রীয় প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠও পরিবারের সদস্যদের টেলিফোন করে শোক প্রকাশ করেছেন। শোকের এই মুহূর্তে কেন্দ্র পরিবারের পাশে রয়েছে বলেও আশ্বাস দেন তিনি।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার ডোডার খনি ভগরবাত এলাকায় সেনাবাহিনীর একটি গাড়ি ক্যাম্পের দিকে ফিরছিল। সেই সময় বিপরীত দিক থেকে আসা আর একটি গাড়িকে পাশ কাটাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে সেনার গাড়িটি গভীর খাদে পড়ে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় ১০ জন জওয়ানের। নিহতদের মধ্যে প্রদুম ছাড়াও ঝাড়গ্রামের কুচলাদাঁড়ির বাসিন্দা ২৮ বছরের সমীরণ সিংও রয়েছে।

oooooooooooooooooooooo

প্রাকৃতিক বিপর্যয় ও যেকোনো রকম পরিস্থিতিতে বিপদগ্রস্ত মানুষকে উদ্ধারের কাজে যোগাযোগের অন্যতম মাধ্যম হিসেবে কাজ করে আসছে ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাব। মানবজাতির জন্য নিঃস্বার্থ এই কাজের কৃতিত্ব স্বরূপ সংগঠনের প্রতিষ্ঠাতা অম্বরিশ নাগ বিশ্বাস এবার আন্তর্জাতিক পুরস্কার পেলেন।মার্কিন সংস্থা আমেরিকান রেডিও রিলে লীগ বা ARRL এর পক্ষ থেকে তাঁকে ২০২৫ সালের আন্তর্জাতিক মানবিক সম্মান প্রদান করা হয়।

পুরস্কার গ্রহণ করে শ্রী বিশ্বাস আকাশবাণীকে জানান, এই ধরনের স্বীকৃতি সেবামূলক কাজে সংগঠনের অন্য সদস্যদের আরো উৎসাহিত করবে।

(বাইট - অম্বরিশ নাগ বিশ্বাস)

ooooooooooooooooooooooo

শিয়ালদহ দক্ষিণ এবং উত্তর শাখার মধ্যে সংযোগকারী পথে ইস্পাতের সেতুর গার্ডার বদলের কাজের জন্য ওই দুই শাখায় আজ রাত ১০টা থেকে আগামীকাল রাত ৯টা পর্যন্ত, টানা ২৩ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ থাকবে। বালিগঞ্জ এবং কাঁকুড়গাছি স্টেশনের মধ্যে আপ ও ডাউন কর্ড লাইনের এক্স-২৫ নম্বর সেতুর গার্ডার বদলের

কাজের জন্য ট্রেন চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন সূত্রে জানানো হয়েছে।

বর্তমানে ব্যবহার হওয়া ইস্পাতের সেতুটির গার্ডার দীর্ঘ দিনের পুরনো হয়ে যাওয়ায় যাত্রী-সুরক্ষা এবং নিরাপদে ট্রেন চলাচলের জন্য এই কাজ সম্পন্ন করা হচ্ছে। এই কাজের জন্য প্রায় ১৫টি লোকাল ট্রেন বাতিল করা ছাড়াও বেশ কিছু ট্রেনের যাত্রাপথ ঘুরিয়ে দেওয়া অথবা সংক্ষিপ্ত করা হচ্ছে।

বজবজ-নৈহাটি শাখায় একটি, নৈহাটি-শিয়ালদহ শাখায় চারটি, মধ্যমগ্রাম-মাঝেরহাট শাখায় দু'টি, ক্যানিং-বারাসত পথে একটি, নৈহাটি-মাঝেরহাট শাখায় তিনটি ছাড়াও মাঝেরহাট-হাসনাবাদ, মাঝেরহাট-রানাঘাট শাখায় একটি করে এবং শিয়ালদহ-বজবজ শাখায় দু'টি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে।

এর পাশাপাশি, সরস্বতী পুজোর বিসর্জনের জন্য আজ থেকে আগামী সোমবার, ২৬ জানুয়ারি পর্যন্ত গঙ্গা তীরবর্তী অংশে চক্ররেল চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছে রেল। এর জন্য বেশ কিছু ট্রেনকে ওই সময়ে মাঝেরহাটের পরিবর্তে শিয়ালদহ থেকে চালানো হবে।

*oooooooooooooooooooooooo*

জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামীকাল ভোর পাঁচটা থেকে রাত ন'টা পর্যন্ত ১৬ ঘন্টা এই সেতুর উপর দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। এই সময় সব যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

*oooooooooooooooooooooooo*

*oooooooooooooooooooooooo*

*oooooooooooooooooooooooo*